বুয়েট শিক্ষার্থীদের মাঠের আদোলন আপাতত স্থগিত

আবরার ফাহাদ হত্যার অভিযোগপত্র জমা দেওয়ার পর আসামিদের বুয়েট থেকে একাডেমিক ভাবে স্◌ায়ী বহিষ্◌ার না করা পর্যÍ কোনো ধরনের একাডেমিক কার্যক্রমে অংশ না নেওয়ার ঘোষণা দিয়েছেন বুয়েটের আদোলনরত শিক্ষার্থীরা।

তবে মাঠের আদোলনে আপাতত ইতি টানার ঘোষণা দিয়েছেন তাঁরা। গতকাল মঙ্গলবার বিকেলে বুয়েট শহীদ মিনারে এক সংবাদ ব্রিফিংয়ে আদোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে এই ঘোষণা দেওয়া হয়।

এ ছাড়া আগামীকাল বুধবার স্ত্রাস ও সাম্প্রদায়িক শক্তিক রুখ দেওয়ার দাবিতে গণশপথ কর্মসূচি পালনের ঘোষণাও দিয়েছেন আদোলনরত শিক্ষার্থীরা।

নিজস্ব প্রতিনিধি

শহীদ মুক্তিযোদ্ধাদের লাশ দাফনও করতে দেইনি সাহিদুজ্জামান খোকনের বাবা

মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন রাজাকারের সন্তান বলে দাবি করেছেন গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন। সোমবার দুপুর ২ টায় তার কার্যালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় কালে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন সাহিদুজ্জামান খোকনকে শুধু আমি একা রাজাকারের সন্তান বলছিনা বলছে বীরমুক্তিযোদ্ধা সহ গাংনী সকল শ্রেনী পেশার মানুষ। কারণ সাহিদুজ্জামান খোকনের বিরুদ্ধে বীরমুক্তিযোদ্ধারা মানববন্ধন, ঝাড়– মিছিল ও শহীদ মিনারে অনশন করেছিলো। তিনি বলেন

মাননীয় প্রধানমন্ত্রী ও আওয়ামীলীগের সভানেত্রী শেখ হাসিনা রাজাকার ও তার পরিবারের কোন সদস্য যেন আওয়ামীলীগের রাজনীতির সাথে থাকতে না পারে এমন নির্দেশনা

বাস্তবায়নের লক্ষেই কুখ্যাত রাজাকার পুত্র দূর্নীতিবাজ সাহিদুজ্জামান খোকন সহ হাইব্রীড মুক্ত আওয়ামীলীগের নেতৃত্ব চাই শিরোনাম ব্যানার টাঙ্গানো হয়েছিলো।
জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ব্যানার নামানোর সময় তিনি এ ব্যানারে সঠিক কথা লেখা আছে বলেও মন্তব্য করেছিলেন। গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন বলেন, তেরাইল গ্রামে ৫ জন বীরমুক্তিযোদ্ধা শহীদ হলেও তাদের লাশ দাফন করতে দেইনি সাহিদুজ্জামানে খোকনের বাবা আব্দুল গনী রাজাকার।

তার পরিচয় জনগনের সামনে তুলে ধরার কারনে তিনি আমার নামে মিথ্যাচার শুরু করেছেন। আমি ভ্যাট ট্র্যাক্স দিয়ে সরকারি বিধিমত ব্যবসা করি। আপনারা নিশ্চই জানেন যে সাহিদুজ্জামান খোকনের আগে কি ছিলো আর এমপি হওয়ার পর মাত্র ৯ মাসের মাথায় এত টাকার মালিক কি ভাবে হলো তদন্ত হলে সব বের হয়ে আসবে। স্বাধীনতার পক্ষের শক্তি আমার সাথে আছে তারা এম পি খোকনের সব ধরনের দুর্নীতির তদন্ত চাই।

আল-আমীন,গাংনী

চুয়াডাঙ্গা গণপরিবহনে চালকদের মোবাইল বক্স প্রদান

‘জীবনের আগে জীবিকা নয়, সড়ক দুর্ঘটনা আর নয়‘ প্রতিপাদ্যকে সামনে রেখে নিরাপদ সড়কের দাবীতে মাসব্যাপি কর্মসূচীর অংশ হিসেবে চুয়াডাঙ্গা গণপরিবহনে চালকদের মোবাইল বক্স প্রদান করা হয়েছে। গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথার বলার কারণে সংগঠিত দুর্ঘটনা হ্রাস করতে এ কর্মসূচী পালন করা হয়। রবিবার বিকালে নিরাপদ সড়ক চাই- নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখা এ কর্মসূচীর আয়োজন করে।

গাড়ি চালকদের মোবাইল ফোন সংরক্ষণের জন্য মোবাইল বক্স বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার। উপস্থিত ছিলেন নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক জাকির হোসেন, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হানিফ উদ্দিন, যুগ্ম-সাধারণ সম্পদাক শামীম আহমেদ বিপ্লব, অর্থ সম্পাদক শামীম হোসেন, দুর্ঘটনা ও গবেষণা বিষয়ক সম্পাদক জামান আখতার ও দপ্তর সম্পাদক মামুন অর রশিদ। এর আগে সংগঠনটি স্থানীয় শহীদ হাসান চত্বরে মানববন্ধন করে।
এ সময় বক্তারা বলেন, নিরাপদ সড়ক বাস্তবায়নের জন্য আইন অনুযায়ী চালক গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথা বলতে পারবেন না। জরুরী ফোন এলে চালকের সহকারী বা সুপারভাইজার ফোনে কথা বলবেন অথবা চালক রাস্তার পাশে গাড়ি থামিয়ে কথা বলবেন। কিন্তু এ আইন বেশিরভাগ ক্ষেত্রে মানা হয় না। এজন্য নিসচা চুয়াডাঙ্গা জেলা শাখা শহরের গণপরিবহন গুলোতে মোবাইল ফোর সংরক্ষণের জন্য বিনামূল্যে মোবাইল বক্স প্রদান করছে। চালকরা এ বক্সের যথাযথ ব্যবহার করে সড়ক দুর্ঘটনা হ্রাস করবেন বলে আমাদের প্রত্যাশা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীতে পৌর কার্যক্রম বন্ধ রেখে শোডাউনে মেয়র সহ কর্মচারিরা

অফিসের কার্যক্রম বন্ধ রেখে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলামের মটরসাইকেল শোডাউনে অংশ নিলেন পৌরসভার কর্মচারীরা। আগামী ২৭ অক্টোবর গাংনী উপজেলা আওয়ামীলীগের সম্মেলন কে কেন্দ্র করে রবিবার দুপুর ১২ টায় গাংনী শহরে মটরসাইকেল শোডাউন করেন পৌর মেয়র আশরাফুল ইসলাম।
মটরসাইকেল শোডাউনে থাকা গাংনী পৌরসভা কর্মকর্তা কর্মচারী ফেডারেশনের সভাপতি আজিজুল হক মোবাইল ফোনে বলেন, আমরা মেয়রের নির্দেশে শোডাউনে গিয়েছি। আমরা মেয়রের কর্মচারি তার কথা শুনতে

আমরা বাধ্য।
সরকারি অফিস বন্ধ রেখে মটরসাইকেল শোডাউনে কর্মকর্তা কর্মচারীদের নিতে পারেন কি না এ বিষয়ে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম এর কাছে জানতে চাইলে তিনি বলেন, এমপি সাহিদুজ্জামান খোকনের একটি বিষয় নিয়ে আলোচনা সভায় অংশ নিয়েছিলাম। সেখানে কোন পৌর কর্মচারি ছিল না। আলোচনা সভা শেষ করে আমরা শান্তিপূর্নভাবে বাড়ি চলে এসেছি। কোন রকম মিছিল বা শোডাউন করা হয়নি।
মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনী বলেন, কোন ভাবেই অফিস বন্ধ করে সরকারী কর্মকর্তা কর্মচারীদের নিয়ে রাজনৈতিক শোডাউন করা ঠিক হয়নি। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেয়া হবে।

আল-আমীন, গাংনী

চুয়াডাঙ্গায় গৃহবধূকে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে গ্রেপ্তার দুই

চুয়াডাঙ্গা শহরতলীর তালতলা গ্রামে এক গৃহবধূর শরীরে আগুন নিক্ষেপ করে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে দুই যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার মধ্যরাতে পার্শ্ববর্তী এলাকা ইসলামপাড়া থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।
গ্রেপ্তারকৃতরা হলেন, শহরের ইসলামপাড়া এলাকার দোলন মিয়ার ছেলে অরুপ হোসেন (২৬) ও ছানোয়ার হোসেনের ছেলে রিপন হোসেন (২৫)। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফখরুল আলম খান জানান, শহরতলীর তালতলা গ্রামে সন্তান ও বাবা-মায়ের সাথে বসবাস করে মালেশিয়া প্রবাসীর স্ত্রী আফসানা মিমি। প্রায়ই সময়ই তাকে উদ্দেশ্য করে নানা অঙ্গভঙ্গির মাধ্যমে কুপ্রস্তাব দিয়ে আসছিলো পার্শ্ববর্তী এলাকার অরুপ ও রিপন। শনিবার সন্ধ্যায় ওই গৃহবধূ তার বাড়ির গেটে একা দাড়িয়ে ছিলো। এই সুযোগে ওই গৃহবধূকে লক্ষ্য করে অভিযুক্ত দুই যুবক জ্বলন্ত দিয়াশলাইয়ের কাঠি ছুড়ে মারে। এতে তার পরিহিত কাপড় ও বাম হাতের কিছু অংশ পুড়ে যায়। পরে

তার চিৎকারে পরিবারের অন্য সদস্যরা ছুটে এসে আগুন নিভিয়ে তাকে উদ্ধার করে হাসপতালে নিয়ে যায়।
ওসি আরো জানান, এ ঘটনায় ভুক্তভোগী প্রবাসীর স্ত্রী আফসানা মিমি বাদি হয়ে দুইজনকে আসামী করে শনিবার রাতে থানায় একটি হত্যাচেষ্টা মামালা দায়ের করেছেন। মামলার পরপরই অভিযুক্ত দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে। রোববার সকালে তাদেরকে আদালতে সোপর্দ করা হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার খাদিমপুরে গৃহহীনদের মাঝে দুর্যোগ সহনীয় গৃহ নির্মানের উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নে টিআর কাবিটা কর্মসুচির আওতায় গৃহহীনদের মাঝে দুর্যোগ সহনীয় গৃহ নির্মানের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।
গতকার রবিবার সকালে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপ-সহকারি প্রকৌশলী নজরুল ইসলাম, ইউপি সদস্য আব্দুল হান্নান, আব্দুর রাজ্জাক, আবুল হোসেন, আব্দুল হালিম পটকা, ফকির চান্দ, আসাদুল হক, মুসলিমা খাতু, রেখা খাতুন, বীর মুক্তিযোদ্ধা একদিল হোসেন, সমাজ সেবক আব্দুল্লাহ মানি খা, আব্দস সাত্তার, শিমুল হোসেন প্রমুখ। খাদিমপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামের হতদরিদ্র শমসের আলীর বাড়ীর কাজ নির্মানের মাধ্যমে উদ্বোধন করা হয়। উল্লেখ্য উপজেলায় মোট ৪৯ টি ঘর নির্মান করা হবে। প্রতিঘর ২লক্ষ ৫৮ হাজার টাকা করে নির্মান ব্যায় ধরা হয়েছে।

আলমডাঙ্গা প্রতিনিধি

শহীদ রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনালে রবাক্স ক্লাবের জয়লাভ

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় ৪-৩ ব্যবধানে গোল্ড কিংস ক্লাব পরাজিত করে শিরোপা জিতেছে রবাক্স ক্লাব। শনিবার বিকালে ফাইনাল খেলাই পুরো অংশ গোল শূন্য থাকায় ট্রাইব্রেকারে গড়াই খেলাটি।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, সিটি ব্যাংক মেহেরপুর শাখার জেনারেল ম্যানেজার মোস্তফা আহম্মেদ মিলন, ২ নং কাউন্সিলর আল মামুন প্রমুখ।

পুরাতন পোষ্ট অফিস পাড়া যুব সংঘ এই খেলার আয়োজন করে। খেলা পরিচালনা কমিটির আহবাহয়ক ছিলেন সিফাত যুগ্ম আহবায়ক ছিলেন আল সাবিদ।

নিজস্ব প্রতিনিধি:

জীবননগরে বিএনপি নেতার বাড়ি থেকে ১৩ জন জুয়ারি আটক

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপি নেতার বাড়িতে অভিযান চালিয়ে আন্তজেলা জুয়ারি চক্রের ১৩ জুয়ারিকে আটক করেছে পুলিশ।
শনিবার ভোররাতে উপজেলার রঘুনন্দপুর গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ি থেকে তাদেরকে আটক করা হয়। উদ্ধার করা হয়েছে

জুয়ার নগদ ৪০ হাজার টাকা, তিনটি মোটরসাইকেল ও জুয়া খেলার নানা সরঞ্জাম।

গ্রেফতারকৃতরা হলো- জীবননগর উপজেলার লক্ষীপুর গ্রামের ব্রীজ পাড়ার আব্দল হালিম (৩৫), ইছাহক আলী (৩৪), আলামিন (৩৫), জামাল হোসেন (৩২), বাজার পাড়ার মুরাদ হোসেন (৪২), ওলিয়ার রহমান (৪০), নারায়রপুর গ্রামের লিটন (৩২),সোহাগ (২৮), জাহিদ (৩৮), দৌলৎগঞ্জ গ্রামের মানিক (৩০), প্রতাবপুর গ্রামের আলফাজ (৪০), পুরাতন লক্ষীপুর গ্রামের আ: মান্নান (৪২) ও মহানগর উত্তর পাড়ার মিল্টন ড্রাইভার।
চুয়াডাঙ্গার সহকারী পুলিশ সুপার (এএসপি, দামুড়হুদা ও জীবননগর সার্কেল) আবু রাসেল অভিযানের সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, বাঁকা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেমের বাড়ির গরুর গোয়াল ঘর থেকে ওই ১৩ জুয়ারিকে আটক করা হয়েছে। তবে মূল হোতা বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমকে আটক করা সম্ভব হয়নি। তাকে আটকের প্রক্রিয়া চলছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর থানা পুলিশের বেশ কয়েকটি দল শুক্রবার রাতে অভিযান চালায় উপজেলার রঘুনন্দপুর গ্রামে। এ সময় ওই গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ির গোয়াল ঘরে অভিযান চালিয়ে আটক করা হয় ১৩ জুয়ারিকে। তাদের কাছ থেকে উদ্ধার হয় নগদ ৪০ হাজার টাকা, ৩টি মটর সাইকেল ও জুয়া খেলার নানান সরঞ্জাম। সকালে এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে একটি মামলা দায়ের করা হয়েছে। শনিবার দুপুরে আটককৃত ১৩ জুয়ারিকে আদালতে সোর্পদ করা হয়েছে বলেও জানান জীবননগর থানা পুলিশ।

জীবননগর প্রতিনিধি:

আলমডাঙ্গায় কৃষকের ঘর ভাংচুর,

হুমকি

আলমডাঙ্গার জোড়গাছা গ্রামের দরিদ্র কৃষক জিন্নাত আলীর টিনের একটি ঘর ভেঙে তান্ডব চালিয়েছে এলাকার কয়েকজন প্রভাবশালি। ঘরে থাকা কৃষি পণ্য লুটপাট ও তছনছ করা হয়েছে। ঘরের টিন ফেলে রাখা হয়েছে ছড়িয়ে-ছিটিয়ে। বর্তমানে বিভিন্নভাবে হুমকিও দেওয়া হচ্ছে। প্রভাবশালিদের ভয়ে এলাকার মানুষ মুখ খুলতে সাহস পাচ্ছে না।

জানা গেছে, গ্রামের মৃত শুকুর আলীর ছেলে জিন্নাত আলী কৃষিকাজ করেন। বাড়ির পাশে একটি টিনের ঘরে কৃষিপণ্য ও সরঞ্জাম রাখেন। গ্রামের মোজাহার মন্ডলের ছেলে গোলবার হোসেন ও তার সাঙ্গপাঙ্গরা সম্প্রতি এক রাতে জিন্নাত আলীর কৃষিপণ্য রাখার টিনের ঘরটি ভেঙে দেয়। ঘর ভেঙেই নিশ্চুপ থাকেনি গোলবার। জিন্নাত আলীকে হুমকিও দেওয়া হচ্ছে। ভয়ে জিন্নাত আলী তার ঘর নতুন করে মেরামতও করতে পারছেন না।
জিন্নাত আলী জানান, গ্রামের গোলবার হোসেনের নির্দেশে তার সাঙ্গপাঙ্গ একই গ্রামের ইজাজুল, আজিজুল, ফিরু, হেবা, মিনারুল, ইকরামুল, চায়না, নাজমুল, মিরাজুল, লন্ডন, লালমিয়া, দুলাল ও নূরনাহার তার ভেঙে দেয়।

ঘটনার বিষয়ে ঘোলদাড়ি ক্যাম্পের দায়িত্বরত ইনচার্জ এএসআই রাজু আহমেদ বলেন, ঘটনা শোনার পর তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি বলেন, বিষয়টি নিয়ে খোঁজখবর নেওয়া হচ্ছে। স্থানীয়ভাবে দুপক্ষকে নিয়ে মিমাংসা করা যায় কিনা সেটাও চেস্টা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

মেহেরপুরের আমঝুপিতে মরহুম আজিজুর রহমান স্মৃতি ফুটবল

টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি পাবলিক ক্লাব ও লাইব্রেরীর উদ্যোগে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত মরহুম আজিজুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার বিকেলে অবসরপ্রাপ্ত শিক্ষক মাসুদুল আলম টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সাথে পরিচিত হন। আমঝুপি পাবলিক লাইব্রেরীর সহ-সভাপতি আকবর আলী, সম্পাদক সাইদুর রহমান, সাইদুল ইসলাম, কানাই, সোহেল রানা, সবুজ, সাগর, ফয়জুল কবীর প্রমুখ উপস্থিত ছিলেন।
মরহুম আজিজুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ১৬ টি দল অংশ গ্রহন করছে। উদ্বোধনী খেলায় কুষ্টিয়ার মীরপুর ছত্রগাছা নবরন সংঘ টাইব্রেকারে ৩-১ গোলে দামুড়হুদা একদশকে পরাজিত করে।
নির্ধারিত সময়ে খেলাটি গোল শূন্য ড্র হওয়ায় টাইব্রেকারের মাধ্যমে নিস্পত্তি করা হয়। খেলায় কুষ্টিয়ার মীরপুর ছত্রগাছা নবরন সংঘের পক্ষে চঞ্চল, সাহেব ও জীবন এবং দামুড়হুদা একদশের পক্ষে তুষার গোল করেন।

নিজস্ব প্রতিনিধি: